উপজেলা পরিষদ কার্যালয়
কুতুবদিয়া, কক্সবাজার
www.kutubdia.coxsbazar.gov.bd

"শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন"

## কুতুবদিয়া উপজেলা পরিষদের মার্চ/২০২২মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া কক্সবাজার |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,কুতুবদিয়া। |
| তারিখ | : | ২৮.০৩.২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট'ক ও খ'-তে দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতি ক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নুরের জামান চৌধুরী গত ২৮ফেব্রুয়ারী/২০২২ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বর্ণিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভার বিস্তারিত অলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিভাবে গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশলী অফিস:**<br>**ক) আনসার সদস্যদের ব্যারাক ও বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণঃ**<br>উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ এবং উপজেলা পরিষদ চত্বরে"বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণ কাজ চলমান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নির্মানাধীন ব্যারাক ও ম্যুরালের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের শারিরীক নিরাপত্তার কাজে নিয়োজিত আনসারদের ব্যারাক এবং নির্মানাধীন ম্যুরালের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| | খ) সভাপতি জানান যে, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষটি অত্যন্ত সংকীর্ণ হওয়ায় বিভিন্ন সভা সমাবেশ আয়োজনে সমস্যা সৃষ্টি হয়। তদুপরী সম্মেলন কক্ষটি অত্যন্ত ছোট হওয়ায় আসন সংখ্যাও সীমিত তাই উপজেলা পরিষদ সম্মেলন কক্ষটি সম্প্রসারণ করা অত্যন্ত প্রয়োজন। তাই তিনি সম্মেলন কক্ষ সম্প্রসারনে কী পরিমান অর্থ ব্যয় হতে পারে এতদসংক্রান্ত প্রাক্কলন আগামী সভার পূর্বে প্রস্তুত করে দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | খ) উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ সম্প্রসারণের বিষয়ে প্রাক্কলন প্রস্তুত করে দাখিল করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| | গ) জাইকার অর্থায়নে ৪র্থ পর্যায়ে অবকাঠামো উন্নয়ন খাতে গৃহীত প্রকল্পের কাজসমূহ দ্রুত বাস্তবায়নের বিষয়ে ইউডিএফ জনাব জামাল উদ্দিনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দিক নির্দেশনা প্রদান করা হয়। | জাইকার অর্থায়নে ৪র্থ পর্যায়ে অবকাঠামো উন্নয়ন খাতে গৃহীত প্রকল্পের কাজসমূহ ১০০ভাগ বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| | ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া জানান যে, কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান/ঘর/বানিজ্যিক মার্কেট নির্মানের জন্য মন্ত্রণালয়ের নির্দেশক্রমে প্রস্তাবিত জয়গায় ড্রয়িং/ডিজাইন দ্রুত প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ উন্নয়ন যথা শীঘ্রই শুরু করার বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন। | উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান/ঘর/বানিজ্যিক মার্কেট নির্মানের জন্য মন্ত্রণালয়ের নির্দেশক্রমে প্রস্তাবিত জয়গায় ড্রয়িং/ডিজাইন দ্রুত প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান, উপজেলা পরিষদ , উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| ০২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের অধীনে গ্রামীন অবকাঠামো রাক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর ২য় পর্যায়ের তালিকা জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের কার্যালয় হতে অদ্যাবধি অনুমোদন পাওয়া যায় নি। অনুমোদন পাওয়া সাপেক্ষে প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান যে, রাস্তার এইচবিবি দ্বারা উন্নয়নের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গ্রামীন অবকাঠামো রাক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর ২য় পর্যায়ের তালিকা জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের কার্যালয় হতে অনুমোদন আনার বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিস:**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অত:পর তিনি মার্চ/২০২২ মাসের প্রতিবেদন নিম্নমতে সভায় উপস্থাপন করেন।<br>শিশুটিকা-৪৩৯ এবং অর্জিত হার ১১৭%, পেন্টা ১ম ডোজ-৩৯৮, অর্জনের হার-১০৫%, ২য় ডোজ-৪১৫, অর্জিত হার-১১১%, ৩য় ডোজ-৪৪৬, অর্জনের হার-১১৯%, হাম অর্জিত সংখ্যা-৩৫২, হার-৯৪%।<br>তিনি আরো জানান, বহি: বিভাগে পুরুষ-১৬৭২জন, মহিলা-১৮৩২জন, শিশু-১৬২৭জনসহ সর্বমোট রোগী-৫১৩১জন। এছাড়াও অন্ত বিভাগে মোট রোগী-১৬৯০ জনের মধ্যে পুরুষ-২০৫জন, মহিলা-৪৫৫জন,শিশু-১০৩০জন রোগী। তিনি বলেন জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৬০৮জন। এর মধ্যে পুরুষ-১৬৫জন, মহিলা-২১০জন,শিশু-২৩৩জন। শয্যা ব্যবহারের হার-১০৯% এবং হাসপাতালে মৃত রোগীর সংখ্যা-০১জন। তিনি প্রসবপূর্ব চেকআপ-৩১২জন, নিরাপদ প্রসব-৪৭টি এবং প্রসব পরবর্তী চেকআপ-১৩২টি মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো জানান, কুতুবদিয়া হাসপাতালে মোবাইল সেবা দেয়া হয়েছে-২১০জন এবং মাইনর সার্জারী করা হয়েছে-২১৩ জনকে। তিনি স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমের মধ্যে হাসপাতালে ৮টি সভা করা হয়েছে ০৮টি সভার মধ্যে পুরুষ-২৯৫জন এবং মহিলা-৩১২জন অংশগ্রহণ করেছেন মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো জানান কমিউনিটি ক্লিনিকে এ পর্যন্ত ৭৫৪২জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে।। এছাড়াও কোভিট-১৯ সংক্রমন রোধে ২০/০৪/২০২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ-৯৪২৮৯জন, ২য় ডোজ-৮৪৫৭০জন এবং ২১৪১জনকে ৩য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। | ক) কোভিড-১৯ সংক্রমন রোধে টিকা কার্যক্রম সরকারী নির্দেশনা মতে ধারবাহিকভাবে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>খ) হাসপাতালের চিকিৎসা কার্যক্রম ও সেবার মান বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট চিকিৎসকদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৪ | **উপজেলা কৃষি অফিস:**<br>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০২১-২২ মৌসুমে ১৬০০ হেক্টর আবাদি জমি আবাদ হয়েছে। আবাদী জমিতে পোকামাকড়/রোগ বালাই এর আক্রমন নেই। তদুপরী পোকামাকড় এবং রোগ বালাই আক্রমন রোধে সমীক্ষা অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান বোরো মৌসুমে জমিতে সেচ ব্যবস্থাপনা সুষ্টুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি শীতকালীন শাকসজীর কর্তন শেষ হয়েছে মর্মে সভাকে জানান। এছাড়াও অন্যান্য বিভাগীয় এবং সার ব্যবস্থাপনা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে জানান। | জমিতে পোকামাকড়/রোগ বালাই রোধে ও সার ব্যবস্থাপনা এবং জমিতে সেচ কার্যক্রম নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | **উপজেলা মৎস্য অফিস:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, ২০মে হতে ৩০জুলাই পর্যন্ত সকল প্রকার মৎস্য আহরন বন্ধে জেলেদের অবহিত করা হয়েছে এবং এ বিষয়ে অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে তিনি সভায় বিস্তারিত আলোচনা করেন। | ২০মে হতে ৩০জুলাই পর্যন্ত সকল প্রকার মৎস্য আহরন বন্ধে জেলেদের অবহিত করা হয়েছে এবং এ বিষয়ে অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |
| ৬ | **উপজেলা প্রাণী সম্পদ অধিদপ্তর**<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বভাবিক গতিতে চলমান রয়েছে এবং চিকিৎসার জন্য আনীত গবাদী পশুর চিকিৎসা কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | চিকিৎসার জন্য আনীত গবাদী পশুর চিকিৎসা কার্যক্রম ধারবাহিকভাবে অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় অংশ নিয়ে জানান যে, কুতুবদিয়া উপজেলাকে শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, ও স্বামী নিগৃহীতা ও মহিলা ভাতা প্রদানের বিষয়ে ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরে স্মারক নং-০৭ তারিখ : ০২/০১/২০২২ মুলে মহাপরিচালক মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে সকল ইউনিয়ন পরিষদ হতে ভাতার ক্যাটাগরী অনুযায়ী অগ্রধিকার তালিকা প্রস্তুত করে দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছে। তিনি আরো জানান ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে লেমশীখালী, কৈয়ারবিল এবং আলী আকবর ডেইল এর ০৩জন ভিক্ষুককে বিকল্প কর্মসংস্থান সৃজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং তা দ্রুত বাস্তবায়ন করা হবে। | বিভিন্ন ভাতা কার্যক্রম ১০০% ভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

CamScanner

<table>
<tr>
<td>৮</td>
<td>উপজেলা শিক্ষা অফিস:<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২০ রমজান পর্যন্ত শ্রেণী কার্যক্রম চলমান থাকবে। তিনি আরো জানান সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্য আয়োজিত উন্নয়ন মেলায় তাঁর দপ্তর ২য় স্থান অধিকার করেছে। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>৯.</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় অংশ নিয়ে মার্চ/২০২২ মাসের দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি সভায় নিম্নমতে উপস্থাপন করেন।<br>ক) মোট সক্ষম দম্পতি-২৪৫৩৭জন (খ) মোট পদ্ধতি গ্রহীতা-১৯১৬২জন (গ)সিএআর-৭৭.৫৪% (ঘ) নিবন্ধিত মোট গর্ভবতীর সংখ্যা-১৩৪৪জন (ঙ) পদ্ধতিভিত্তিক জন্ম নিয়ন্ত্রন গ্রহণকারীর মধ্যে (১) খাবার বড়ি-৭৯৯০জন (২) কনডম-৭৩৩জন (৩) ইনজেকশন-৬৭৫২জন (৪) আইইউডি-৩৫৮জন এবং চলতি মাসে নতুন গ্রহীতা-২২জন (৫)ইমপ্ল্যান্ট-২৪০৭জন চলতিম মাসে নতুন গ্রহীতা-৪৪জন (৬) স্থায়ী পদ্ধতি (পুরুষ)-৬৪১জন চলতিমাসে নতুন গ্রহীতা-২জন (৭) স্থায়ী পদ্ধতি (মহিলা)-১০১৩জন চলতিমাসে নতুন গ্রহীতা-০০জন।<br>তিনি আরো জানান, মার্চ মাসে সাধারণ-১৮০৮জন রোগীর মধ্যে পুরুষ-৫০৩জন এবং মহিলা-১৩০৫জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও গর্ভকালীন-১৩১৬জন, গর্ভোত্তর-১১০৯জনকে সেবা প্রদান করা হয়েছে এবং নবজাতক জন্মের সংখ্যা ৮৪জনের মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত দ্বারা-৭৯ এবং প্রশিক্ষণহীন ৫টি।<br>তিনি আরো জানান মার্চ মাসে সর্বমোট ৭৫৬টি শিশুসেবা প্রদান করা হয়েছে এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে স্বাভাবিক প্রসব সংখ্যা-৭৯টি মর্মে সভাকে অবহিত করেন।</td>
<td>ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রমের গতি বাড়ানো লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানসহ নিয়মিত পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন অফিস :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সভায় অংশ নিয়ে চলতিমাসে তাঁর দপ্তরের আওতায় মার্চ/২০২২ মাসের অগ্রগতি প্রতিবেদন নিম্নমতে সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th rowspan="2">ক্র:নং</th><th rowspan="2">কার্যক্রম</th><th rowspan="2">বর্ষিক লক্ষ্যমাত্রা</th><th colspan="3">অগ্রগতি</th></tr>
<tr><th>মাসে</th><th>বছরে</th><th>ক্রমবর্ধিত</th></tr>
<tr><td>০১</td><td>সমিতি/দল গঠন</td><td>১০ টি</td><td>--</td><td>০৯ টি</td><td>১৮০টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য ভর্তি</td><td>২৮১ জন</td><td>--</td><td>১৫২জন</td><td>৪০৭৭জন</td></tr>
<tr><td>০৩</td><td>শেয়ার আদায়</td><td>০.৫৬</td><td>০,০১</td><td>০,১৬</td><td>১০,৬৬</td></tr>
<tr><td>০৪</td><td>সঞ্চয় আদায়</td><td>৪.৭২</td><td>০.১২</td><td>২.৮৩</td><td>৩৫.১৫</td></tr>
<tr><td>০৫</td><td>ঋণ বিতরণ</td><td>১১৮.০০</td><td>৩.০৬</td><td>২৬.৭৯</td><td>৮১০.৩৫</td></tr>
<tr><td>০৬</td><td>ঋণ আদায়</td><td>১২৮.৫২</td><td>১,৮৩</td><td>২৬.৪৭</td><td>৬৫৬.২৭</td></tr>
<tr><td>০৭</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>১৪০জন</td><td>--</td><td>১১০জন</td><td>১০৩০জন</td></tr>
<tr><td>০৮</td><td>বর্ষিক সভা সম্পাদন</td><td>৮৫টি</td><td>০৪টি</td><td>৪১টি</td><td>--</td></tr>
<tr><td>০৯</td><td>নির্বাচন সম্পাদন</td><td>২০টি</td><td>০২টি</td><td>১১টি</td><td>--</td></tr>
<tr><td>১০</td><td>অডিট সম্পাদন</td><td>৮৫টি</td><td>০৭টি</td><td>২৭টি</td><td>--</td></tr>
<tr><td>১১</td><td>প্রদর্শনী খামার</td><td>১২টি</td><td>--</td><td>১২টি</td><td>১৮টি</td></tr>
<tr><td>১২</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>৪০-২৭০</td><td>--</td><td>৪০টি</td><td>১৪০টি</td></tr>
<tr><td>১৩</td><td>খানা জরিপ</td><td>২০০টি</td><td>--</td><td>৫৮০টি</td><td>১০৩৬টি</td></tr>
</table></td>
<td>দাপ্তরিক কার্যক্রমের গতি বাড়ানোর লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td>উপজেলা সমবায় অফিস :<br>উপজেলা সমবায় অফিসার, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায় নি।</td>
<td>মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়</td>
<td>উপজেলা সমবায় অফিসার, কুতুবদিয়া</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অংশ নিয়ে জানান যে, ২০২০-২১ অর্থবছরে ১৫৬টি টিউবওয়েল বরাদ্দ পাওয়া যায়। তার মধ্যে এ পর্যন্ত ১১৮টি'র কাজ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ৩৮টি'র কাজ প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরো জানান, মাল্টি সেক্টর প্রকল্পের আওতায় গ্রামীন পাইপড ওয়াটার সাপ্লাই এর ০৪টি স্কীম এর মধ্যে দুইটি স্কীম সিলেক্ট করা হয়েছে এবং ০১টি'র কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং অপরটি চলমান রয়েছে। এছাড়াও মাল্টি সেক্টর প্রকল্পের আওতায় খানা ভিত্তিক ল্যাট্রিন কাজ চলমান রয়েছে এর মধ্যে উত্তর ধুরুং ইউনিয়নে প্রায় ৭০টি'র মত।</td>
<td>১) চলমান প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ত্য</td>
<td>(১ এবং ২) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপ-সহকারী প্রকৌশলী( জনস্বাস্থ্য ) আরো জানান তাঁর অধিদপ্তরের দু'টি পরিত্যাক্ত ভবন রয়েছে। যা ব্যবহার অনুপযোগী। যেকোন মূহর্তে ভেঙ্গে পড়ার আশংকা থাকায় ভবন দু'টি পরিত্যাক্ত ঘোষনা করার বিষয়ে উর্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরনের ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | ২) জরাজীর্ন ভবন দুটির বিষেয়ে উর্ধতন র্কতৃপক্ষ বরাবর পত্র প্রেরণে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | |
| ১৩ | **<u>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:</u>**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অংশ নিয়ে জানান যে, মাধ্যামিক স্কুল পর্যায়ে ৬ষ্ট থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ৪৪৩২৮টি আয়রন ট্যাবলেট বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | মাধ্যমিক বিকদ্যালয় সমূহের পাঠ কর্মসূচী নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৪ | **<u>রেঞ্জ অফিস:</u>**<br>রেঞ্জ কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, কুতুবদিয়া উপজেলাকে বিদ্যুতায়নের লক্ষ্যে বৃক্ষ কর্তন কর্মসূচী অব্যাহত রয়েছে। তবে সেক্ষেত্রে কর্তনযোগ্য বৃক্ষ কর্তন এবং ছাটাইযোগ্য বৃক্ষ ছাটাই করার বিষয়ে সংশ্লিষ্টদের দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে মনিটরিং অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে অব্যাহত আছে মর্মে সভাকে জানান। | কর্তনযোগ্য বৃক্ষ কর্তন এবং ছাটাইযোগ্য বৃক্ষ ছাটাই করার বিষয়ে সংশ্লিষ্টদের দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | রেঞ্জ কর্মকর্তা |
| ১৫ | **<u>উপজেলা মহিলা বিষয়ক অফিস:</u>**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বভাবিকভাবে অব্যাহত আছে। তিনি আরো জানান বড়ঘোপ ইউনিয়নে বর্তমান পর্যন্ত ভিজিডি'র ০৩মাস চাল বিতরণ করা সম্ভব হয় নি। তাই তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে চেয়ারম্যান বড়ঘোপ এর দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে চেয়ারম্যান বড়ঘোপ ইউপি বলেন বিগত ভিজিডি তালিকা প্রণয়নে অনিয়ম রয়েছে। তাই ভিজিডি'র চাল বিতরণ সম্ভব হয় নি। বিষয়টি তদারিকির জন্য তিনি সভায় অনুরোধ জানান। | তদারকি কর্মকর্তার মাধ্যমে ভিজিডি'র উপকারভোগীর তালিকা যাচাই বাছাই করে বিতরণের বিষয়ে দ্রুত বিতরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | **<u>উপজেলা যুব উন্নয়ন অফিস:</u>**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম এবং ঋণের কিস্তি আদায়ের প্রতিবেদন প্রত্যেক মাসিক সভায় দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | **<u>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:</u>**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, গত ৩মাসের ভিজিডি'র চাল বাবদ ১৭২ মেঃটন জমা রয়েছে। খাদ্য গুদামের ধারনক্ষমতা কম বিধায় অন্যান্য খাদ্য শষ্য সংরক্ষনে সমস্যা সৃষ্টি হচ্ছে। তাই তিনি বিগত ৩মাসের ভিজিডি'র চালসমূহ বিতরন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও খাদ্য শষ্য পরিবহনের সুবিধার্থে এলজিইডি'র রাস্তা মেরামতের বিষয়ে সভাপতির মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | খাদ্য শষ্য পরিবহনের সুবিধার্থে এলজিইডি'র রাস্তা মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী |
| ১৮ | **<u>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড :</u>**<br>আবাসিক প্রকৌশলী (বিউবো), কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায় নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয় | আবাসিক প্রকৌশলী (বিউবো), কুতুবদিয়া |
| ১৯ | **<u>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) :</u>**<br>উপ-বিভাগীয় প্রকৌশলী,(বাপাউবো) কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায় নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপ-বিভাগীয় প্রকৌশলী,(বাপাউবো) কুতুবদিয়া |
| ২০ | **<u>পল্লী সঞ্চয় ব্যাংক:</u>**<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অংশ নিয়ে জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান, বর্তমান মাস পর্যন্ত ৫৪লক্ষ ৪০ হাজার টাকা আদায় এবং ৫৪লক্ষ ২০ হাজার টাকার বিতরণ করা হয়েছে। | ঋণ বিতরণ এবং আদায়ের ধারা আব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | **<u>তথ্য আপা প্রকল্প:</u>**<br>তথ্য আপা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। এছাড়াও প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক নিয়মিত উঠোন বৈঠক চলমান আছে। তিনি আরো জানান, স্বাধীনতার সুবর্ন জয়ন্তী উপলক্ষ্যে গরীব অসহায় বীর মুক্তিযোদ্ধাদের সমম্বয়ে উঠোন বৈঠক অনুষ্ঠানের বিষয়ে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রম এবং উঠোন নিয়মিত করণসহ বীর মুক্তিযোদ্ধাদের সমম্বয়ে উঠোন বৈঠক করার বিষয়ে সংশ্লিষ্টদের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ২২ | **পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ):**<br>উপজেলা পল্লীপ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | শেয়ার, সঞ্চয়, ঋণ বিতরণ এবং আদায় সংক্রান্ত তথ্য প্রতিটি মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পজীপ কর্মকর্তা |
| ২৩ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বভাবিক গতিতে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্টদের দিকনির্দেশনা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:**<br>ইউডিএফ জামাল সভায় অংশ নিয়ে জানান যে, ২য় পর্যায়ে নির্মনাধীন অবকাঠামোর কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। ৪র্থ ও ৫ম পর্যায়সহ অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ যথানিয়মে চলমান আছে। এছাড়াও গঠিত ১৭টি কমিটির কার্যক্রম সূচারুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির সকল সদ্যদের সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। | চলমান প্রকল্পের কাজ শতভাগ বাস্তবায়ন এবং গঠিত কমিটির সভা নিয়মিতকরতঃ কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট ঠিকাদার এবং এউডিএফ জামাল |
| ২৫ | **ক) উপজেলা পরিষদ:**<br>উপজেলা পরিষদের গঠিত ১৭টি কমিটি বিগত সভায় অনুমোদন দেয়া হয় এবং গঠিত কমিটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে গঠিত ১৭টি কমিটির কার্যক্রম সূচারুভাবে সম্পাদন করার লক্ষ্যে ১৭টি কমিটির সকল সদস্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন | সংশ্লিষ্ট সকল কমিটির সদস্য |
| | খ) বাসা বরাদ্দ/বাসা ভাড়া আদায়<br>উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় এবং বরাদ্দছাড়া কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় | আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় এবং বরাদ্দছাড়া কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ২৬ | **উন্মুক্ত আলোচনা:**<br>১) জনাব আব্দুল হালিম, চেয়ারম্যান উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর ইউনিয়নের পশ্চিম পার্শ্বের বেড়িবাঁধ আসন্ন বর্ষা মৌসুমে অতিরিক্ত জলোচ্ছাসে ভেঙ্গে যাওয়ার আশংকা রয়েছে। তাই তিনি এটি বর্ষা মৌসুমের পূর্বে দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান কোভিড-১৯ সংক্রমন রোধে জনসাধারণের মধ্যে টিকা প্রদান কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে। এ বিষয়ে তিনি উপজেলা প্রশাসন এবং কুতুবদিয়া স্বাস্থ্য অধিদপ্তরকে ধন্যবাদ জ্ঞাপন করেন | ১) উত্তর ধুরুং ইউনিয়নের পঃ পার্শ্বের বেড়িবাঁধ আসন্ন বর্ষা মৌসুমে পূর্বে মেরামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | ১) উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড |
| | ২) জনাব আলাউদ্দিন আল আযাদ, চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউপি সভায় অংশ নিয়ে জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। তিনি বাল্য বিবাহ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বদ্ধ পরিকর মর্মে সভাকে অবহিত করেন। এ বিষয়ে তিনি থানা প্রশাসন এবং উপজেলা প্রশাসনের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন। | ২) বাল্য বিবাহ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ২) কুতুবদিয়া থানা এবং ইউপি চেয়ারম্যান সকল |
| | ৩) জনাব আক্তার হোছাইন চেয়ারম্যান, লেমশীখালী সভায় অংশ নিয়ে জানান যে, আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে বেড়িবাঁধ মেরামত করা না হলে অতি বৃষ্টি এবং সাগরের জোয়ারের কারনে এলাকার বিভিন্ন অংশ প্লাবিত হওয়ার আশংকা রয়েছে। তাই তিনি দ্রুত মেরামতের বিষয়ে সভাপতির মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন। | ৩) বর্ষা মৌসুমের পূর্বে বেড়িবাঁধ মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয় | ৩) উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড |
| | ৪) জনাব মোঃ আজমগীর মাতবর, চেয়ারম্যান কৈয়ারবিল ইউপি সভায় অংশ নিয়ে জানান যে, তাঁর ইউনিয়নের লেমশীখালী ও কৈয়ারবিল সংযোগ ব্রীজটির অবস্থা অত্যন্ত ঝুকিপূর্ণ। তাই তিনি আসন্ন বর্ষ মৌসুমের পূর্বে মেরামতের বিষয়ে সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | ৪) লেমশীখালী ও কৈয়ারবিল সংযোগ ব্রীজটি মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ৪) উপজেলা প্রকৌশলী |
| | ৫) জনাব আবুল কালাম, চেয়ারম্যান বড়ঘোপ ইউপি জানান যে, ভিজিডি কার্যক্রমের আওতায় বিগত সময়ে প্রণীত তালিকাটি অসামঞ্জস্যপূর্ণ এবং অনিয়ম হয়েছে। এ বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন এবং দ্রুত সমাধান করে ভিজিডি'র চাল বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দৃষ্টি আকরষণ করেন। পাশপাশি তিনি খাদ্য গুদামের গেইট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরেকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য সভার সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | ৫) ভিজিডি উপকাভোগীদের প্রণীত তালিকাটি সংশোধনপূর্বক বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | ৫) মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | ৬) ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান কুতুবদিয়া উপজেলায় রেজিষ্ট্রেশনভূক্ত এবং রেজিষ্ট্রেশনহীন এনজিও এর সংখ্যা ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। তাই তিনি রেজিষ্ট্রেশনভূক্ত এনজিও কার্যক্রম | ৬) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ৬ এবং ৭) সংশ্লিষ্ট সকল দপ্তর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মনিটরিং এবং রেজিষ্ট্রেশনহীন এনজিও এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>৭) উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, সভায় আলোচিত বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তাবায়ন করে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ৭) গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তাবায়ন করে প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | |
| ২৭ | উপজেলা নির্বাহী অফিসার জানান, কুতুবদিয়া উপজেলা একটি দ্বীপ উপজেলা হওয়ায় লোডিং আনলোডিং এর ব্যয় এবং মালামালের মুল্য বৃদ্ধি পাওয়ায় গৃহ নির্মান এবং জনস্বাস্থ্য অধিদপ্তর ও প্রকৌশলী অফিস কুতুবদিয়া এর মাধ্যমে গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ব্যয় অন্যান্য উপজেলার তুলনায় বেশী হয়। তাই তিনি এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সুবিধার্থে কারিগরি মতামত দাখিলের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>এছাড়া তিনি সকল দপ্তরের কার্যক্রম মাসিক সভায় তুলে ধরাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও কোন কর্মকর্তা, ছুটিতে বা কর্মস্থল ত্যাগ করলে তা পরিষদকে অবহিত করার বিষয়ে সকল কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়। এ বিষয়ে উপস্থিত সকলে একমোত পোষন করেন। | ১) কারিগরি মাতমত দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>২) প্রত্যেক মাসের মাসিক সভায় নিয়মিত উপস্থিতিসহ দপ্তর ভিত্তিক উন্নয়ন কর্মকান্ডের প্রতিবেদন প্রতিমাসের মাসিক সভা অনুষ্ঠানের ২দিন পূর্বে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় | ১) উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন, কর্মকর্তা<br>২) সংশ্লিষ্ট সকল দপ্তর |

সভায় আরো কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন

( মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার

স্মারক নং:৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২২-০৭ | তারিখ:-২৮/০৩/২০২২খ্রি:।

অনুলিপি : সদয় অবগতির জন্য:
০১। মাননীয় সংসদ সদস্য-২৯৫, কক্সবাজার-২, সংসদীয় আসন, কক্সাবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
০১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০২। সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া, কক্সবাজার
০৩। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
০৪। জনাবা হাছিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
০৫। চেয়ারম্যান……………………(সকল), ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০৬। উপজেলা ………………………………কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার
০৭। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০৮। জনাব………………………………কুতুবদিয়া, কক্সবাজার
০৯। অফিস কপি।

28/03/22

(মোঃ নুরের জামান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুতুবদিয়া, কক্সবাজার

CamScanner

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২; ২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২



মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | স্বা: তারিখ ২৭/০১/২২ | স্বা: তারিখ ২৮/০২/২২ | স্বা: তারিখ ২৮/০৩/২২ | স্বা: তারিখ ২৮/০৪/২২ | স্বা: তারিখ ২৯/০৫/২২ | স্বা: তারিখ ২৮/০৬/২২ | স্বা: তারিখ ৩১/০৭/২২ | স্বা: তারিখ ৩১/০৮/২২ | স্বা: তারিখ ২৯/০৯/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | | | | | | X | | | |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | | | | | | | | | |
| ০৩. | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | | | | |
| ০৪. | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | | | | |
| ০৫. | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | | | | |
| ০৬ | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | | | | |
| ০৭. | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | | | | |
| ০৮. | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | | | | |



মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | স্বা: তারিখ ২৭/০১/২২ | স্বা: তারিখ ২৮/০২/২২ | স্বা: তারিখ ২৮/০৩/২২ | স্বা: তারিখ ২৮/০৪/২২ | স্বা: তারিখ ২৯/০৫/২২ | স্বা: তারিখ ২৮/০৬/২২ | স্বা: তারিখ ৩১/০৭/২২ | স্বা: তারিখ ৩১/০৮/২২ | স্বা: তারিখ ২৯/০৯/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া | | | | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কুতুবদিয়া। | | | | | | | | | |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া। | | | | | | | | | |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া | | | | X | | | | | |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া। | | | | | | | | | |
| ০৬. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া। | | | | | | | | | |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া। | | | | | | | | | |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া। | | | | | | | | | |
| ০৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া। | | | | | | | | | |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া। | | | | | | | | | |

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২; ২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২

মাসিক সভার হাজিরা শিট

| ক্রম | নাম ও পদবী | ২৭/০১/২২ | ২৮/০২/২২ | ২৮/০৩/২২ | ২৮/০৪/২২ | ২৯/০৫/২২ | ২৮/০৬/২২ | ৩১/০৭/২২ | ৩১/০৮/২২ | ২৯/০৯/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] | [illegible] |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৫ | উপ-সহকারী প্রকৌশলী [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] |
| ১৬ | উপজেলা [illegible] কর্মকর্তা [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | [illegible] | X | X | [illegible] | [illegible] | [illegible] | X |

মাসিক সভার হাজিরা শিট

| ক্রম | নাম ও পদবী | ২৭/০১/২২ | ২৮/০২/২২ | ২৮/০৩/২২ | ২৮/০৪/২২ | ২৯/০৫/২২ | ২৮/০৬/২২ | ৩১/০৭/২২ | ৩১/০৮/২২ | ২৯/০৯/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] | X | X | X | X | X |
| ০২ | উপ-বিভাগীয় প্রকৌশলী [illegible] | [illegible] 27-01-2022 | [illegible] 28-02-2022 | X | [illegible] 28-04-22 | X | [illegible] 28-06-22 | [illegible] 31-07-22 | [illegible] 31-08-22 | [illegible] |
| ০৩ | [illegible] প্রকৌশলী [illegible] | [illegible] | X | X | [illegible] | X | [illegible] | [illegible] 31/07/22 | [illegible] | [illegible] |
| ০৪ | উপজেলা [illegible] | X | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫ | উপজেলা [illegible] কর্মকর্তা, [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬ | উপজেলা [illegible] কর্মকর্তা, [illegible] | X | X | [illegible] | [illegible] | X | X | X | X | X |
| ০৭ | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮ | উপজেলা [illegible] কর্মকর্তা [illegible] | [illegible] | [illegible] | X | X | X | X | [illegible] | [illegible] | X |
| ০৯ | [illegible] কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১০ | [illegible] | [illegible] 27/01/22 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১১ | [illegible] | X | [illegible] | X | X | X | [illegible] | [illegible] | [illegible] | X |

হাজিরা শিট

| ক্রম | নাম ও পদবী | ২৭/০১/২২ | ২৮/০২/২২ | ২৮/০৩/২২ | ২৮/০৪/২২ | ২৯/০৫/২২ | ২৮/০৬/২২ | ৩১/০৭/২২ | ৩১/০৮/২২ | ২৯/০৯/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] | [illegible] | X | [illegible] |
| ০২ | [illegible] | X | [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | X | X |
| ০৩ | [illegible] | [illegible] | X | X | X | X | X | X | X | X |